

আজ বিকেলে নতুন বাজেট উপস্থাপন

- A Monitor Desk Report

Date: 06 June, 2024



আজ বৃহস্পতিবার (৬ জুন) সংসদে ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় বাজেট উপস্থাপন করা হবে। এবারের বাজেটের আকার হচ্ছে ৭ লাখ ৯৭ হাজার কোটি টাকা।

এ বাজেট উপস্থাপনের সব প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।

প্রস্তাবিত বাজেট উপস্থাপনের আগে মন্ত্রিসভার বৈঠকে অনুমোদন হবে। এ লক্ষ্যে দুপুর ১২টায় এ বৈঠক শুরু হবে। জাতীয় সংসদ ভবনের মন্ত্রিসভা কক্ষে অনুষ্ঠিত এ বৈঠকে সভাপতিত্ব করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরপর বিকেল ৩টায় অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী সংসদে বাজেট উত্থাপন করবেন।

এটি আওয়ামী লীগের টানা চতুর্থবারের সরকারের চলতি মেয়াদের প্রথম বাজেট।

জাতীয় সংসদে উত্থাপনের পর প্রস্তাবিত এ বাজেটের ওপর সরকারি ও বিরোধীদলের সংসদ সদস্যদের দীর্ঘ আলোচনা অনুষ্ঠিত হবে। এরপর আগামী ৩০ জুনের মধ্যে প্রস্তাবিত বাজেটটি সংসদে পাস হওয়ার কথা রয়েছে। আগামী ১ জুলাই থেকে নতুন অর্থবছরের বাজেট কার্যকর হবে।

-B